



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
হিসাব ও অর্থ বিভাগ
১৬, আবদুল গনি রোড, ঢাকা।
Web:www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.০১৫.১৮.

তারিখ : ১০/২০২০ খ্রি:

বিষয় : প্রাতিষ্ঠানিক খাতে অর্থ বরাদ্দ প্রসঙ্গে।

সূত্র : উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কেরাণীগঞ্জ, ঢাকা এর ৩১/০৮/২০২০ খ্রিঃ তারিখের ৬১৩ নং স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে ১৪৮-খাদ্য মন্ত্রণালয়ের অধীন সাধারণ কার্যক্রমের অন্তর্ভুক্ত প্রাতিষ্ঠানিক ও পরিচালন কোড নং- ১৪৮০২০৭-০০০০০০ এর নিম্নবর্ণিত অর্থনৈতিক কোড ও খাতের বিপরীতে প্রদর্শিত অর্থ ২০২০-২০২১ অর্থ বৎসরের জন্য নির্দেশক্রমে আপনার অনুকূলে বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ হতে গত অর্থ বৎসরের বকেয়া বিল (যদি থাকে) পরিশোধযোগ্য।

কোড নং	খাতের নাম	বরাদ্দকৃত অর্থের পরিমাণ
৪১১২৩১৪	আসবাবপত্র (ক্রয়)	২৪,০০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র
	মোট=	২৪,০০০ (চল্লিশ হাজার) টাকা মাত্র

উল্লেখ্য যে, আসবাবপত্র (ক্রয়) খাতে বরাদ্দকৃত টাকা দ্বারা ০১টি হাফ সেক্রেটারিয়েট টেবিল ও ০২টি কাঠের টুল ক্রয় করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। তাছাড়া পরবর্তীতে আসবাবপত্র (ক্রয়) খাতের চাহিদা প্রেরণের সময় ডেডস্টক রেজিস্ট্রারের ফটোকপিসহ যথার্থ যৌক্তিকতা উল্লেখপূর্বক চাহিদা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো। একইসাথে বরাদ্দকৃত অর্থ দ্বারা সরকারি প্রচলিত আর্থিক বিধি-বিধান অনুসরণ করে ব্যয় নির্বাহের জন্য এবং মাসিক প্রতিস্বাক্ষরিত খরচের হিসাব বিবরণী পরবর্তী মাসের ১০(দশ) তারিখের মধ্যে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

এতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন রয়েছে।

স্বাঃ-
(মো: শেখ আসাদুজ্জামান)
সহকারী উপপরিচালক
ই-মেইল adbuget@dgfood.gov.bd

ভারপ্রাপ্ত কর্মকর্তা, কোণাখোলা খাদ্য গুদাম, কেরাণীগঞ্জ, ঢাকা।

স্মারক নং-১৩.০১.০০০০.০৭৪.২০.০১৫.১৮.৬৬০/১৬৩


তারিখ : ১০/২০২০ খ্রি:

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে :

১। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। বরাদ্দপত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ জানানো হলো।

২। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কেরাণীগঞ্জ, ঢাকা।

৩। উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, কেরাণীগঞ্জ, ঢাকা।


(মো: শেখ আসাদুজ্জামান)
সহকারী উপপরিচালক
০৭/১০/২০২০
০৭/১০/২০২০